

Lesson 8

Aim: Subject-Verb Agreement এর নিয়মাবলী ব্যাখ্যা করা।

পূর্ববর্তী Lesson গুলোতে noun ও verb এই দু'টি পদের বিস্তৃত আলোচনা করা হয়েছে কারণ এই দুটি পদ নিয়ে বা এদেরকে কেন্দ্র করে ইংরেজী বাক্য গড়ে ওঠে। Noun যখন subject হিসাবে কাজ করে তখন subject ও verb-এর মধ্যে agreement বা মিল থাকতে হবে। Subject-Verb agreement-এর নিয়মাবলী উদাহরণসহ নীচে দেওয়া হলো:

1. Subject যদি third person singular হয় তাহলে verb ও singular হবে অর্থাৎ present tense-এ মূল verb-এর সঙ্গে *s* বা *es* যোগ করতে হবে কিংবা *have* কে *has* করতে হবে:

Kamal goes to the office at 9 o'clock.

Monica wants some money.

Hasan has a sister named Mina.

2. Subject plural হলে verb ও plural হবে অর্থাৎ verb অপরিবর্তিত থাকবে:

Karim and Rahim go to school by rickshaw.

They play in their garden in the afternoon.

3. যে সব noun কোন group of persons/animals/things-এর নাম বুঝায় সেগুলোর ক্ষেত্রে singular অথবা plural verb ব্যবহার করা যায়:

The government has/have introduced compulsory primary education.

The academic committee was/were annoyed with the chairman.

উল্লেখ্য যে British English-এ plural verb এবং American English-এ singular verb ব্যবহারের প্রবণতা লক্ষ্য করা যায়।

4. যে সব noun-এর শেষে *s* বা *ics* আছে সে সব noun এর পরে singular verb হবে।

News about the accident has not yet come through.

A series of articles on campus violence has recently come out in the press.

Physics is a difficult subject.

5. বই এর নাম plural হলেও verb singular হবে:

Gulliver's Travels is a famous book.

Great Expectations was written by Dickens.

6. যে সব জিনিস দুটো নিয়ে set হয় সেই সব noun-এর ক্ষেত্রে যখন pair শব্দটি ব্যবহৃত হয় তখন singular verb হবে এবং যদি pair শব্দটি ব্যবহৃত না হয় তাহলে plural verb হবে:

There is a pair of trousers on the table.

Kamal's trousers are baggy.

This pair of shoes is very nice.

These shoes are expensive.

7. A number-এর পরে plural verb এবং the number-এর পরে singular হবে:

A number of persons were killed in the accident.

The number of students in this class is 50.

8. Fractions and percentages-এর পরে uncountable noun থাকলে singular verb হবে; Plural countable noun থাকলে plural verb হবে এবং collective noun (ব্যক্তি বা বস্তুর সমষ্টি) বুঝালে singular অথবা plural verb ব্যবহার করা যেতে পারে:

Uncountable : One-half of the gas in this cylinder has escaped.

Fifty percent of his monthly income goes on food.

Countable noun : Two-thirds of the students in the English Department fail in their examination.

Twenty percent of the students in this University are girls.

Collective noun : One tenth of the population of Bangladesh is Budhist/are Budhists.

Eighty percent of the population of Bangladesh is Muslim/are Muslims.

9. *None, all, each and every* শব্দগুলোর পরে ব্যবহৃত verb-এর নিয়মাবলী:

None যখন uncountable noun-কে বুঝায় তখন singular verb ব্যবহৃত হবে; তবে plural countable noun বুঝালে singular অথবা plural verb ব্যবহার করা যায়:

Uncountable : None of the information is correct.

Plural countable: None of the members of the committee was/were present at the ceremony.

None of the pens writes/write well.

All সম্বন্ধে এই নিয়ম প্রযোজ্য:

Uncountable: All the money has been spent.

Plural countable: All the students are present.

Collective noun: All my family was/were present.

Each and every-এর ক্ষেত্রে singular verb ব্যবহার করতে হবে:

Each boy was given a prize.

Every boy was given a present.

10. Plural unit words of distance, money ও time এর ক্ষেত্রে singular verb বসবে:

Distance : 100 miles is a fairly long distance.

Money : 2 million pounds is a lot of money.

Time : 5 years is a long time to spend on an honours degree.

11. Arithmetical operations-এর পরে singular verb বসবে:

Addition : Two plus two is four.

Subtraction : Ten minus five is five.

Multiplication: Two times two is four.

Division : Ten divided by five is two.

12. *Either ... or and neither ... nor*-এর ক্ষেত্রে proximity rule মেনে চলতে হবে অর্থাৎ verb নিকটতম noun-এর সঙ্গে agree করবে:

Either my brothers or my sister is going to do the washing- up.

Either my sister or my brothers are going to do the washing-up.

Neither the books nor the movie was interesting.

Neither the movie nor the books were interesting.

13. Singular subject noun-এর সঙ্গে *together with, along with, as well as and not others* থাকলে verb singular হবে:

Kamal, together with his three brothers, is going to school.

Mrs Hakim, along with her daughter, has gone shopping.

Mina, as well as Bina, was absent from class yesterday.

The girl, not her parents, is responsible for the loss of the watch.

নিম্নলিখিত বাক্যের ক্ষেত্রে verb singular হবে, না plural হবে এ নিয়ে সমস্যা আছে:

Kamal is one of those students who have/has come out successful in the BCS examination.

Traditional grammar বলে *who*-এর antecedent হলো *students*. অতএব *who*-এর পরে verb টি *have* হবে। কিন্তু এই নিয়ম native speaker দের preference এর সঙ্গে মেলে না। এক সমীক্ষায় দেখা গেছে যে অধিকাংশ native speakers *one*-কে *who* বা *that*-এর antecedent মনে করেন।* অতএব এই জাতীয় বাক্যে actual usage অনুসরণ করে singular ব্যবহার করা উচিত বলে মনে হয়:

Kamal is one of the best students that has ever come to this department.

I am one of those who does not believe in socialism.

Mina is one of those girls who takes regular exercise.

A-18998

* Marianne Celce-Murcia and Diane Larsen-Freeman:
The Grammar Book An ESL/EFL Teacher's Course (London, 1983), P. 43

Exercise

1. Correct the following sentences:
 - a) All the furniture have been sold.
 - b) Each and every body were given gifts.
 - c) Four plus four are eight.
 - d) Ten years are a long time.
 - e) Either my brothers or my sister are expected to meet me at the station.
 - f) Twenty percent of the population of Bangladesh are Hindu.
 - g) A number of passengers was killed in the bus accident that took place yesterday.
 - h) Karim, together with his friend Rahim, are going to school.
 - i) One third of the students of this class is absent today.

Section 2

The Simple Sentence and its Structure

Lesson 9

Aim: a) Simple sentence কাকে বলে তা ব্যাখ্যা করা

b) Simple sentence-এর শ্রেণী বিভাগ করা

ইংরেজী বাক্য noun ও verb-কে কেন্দ্র করে গড়ে ওঠে বলে এই দুটি গুরুত্বপূর্ণ পদ সম্বন্ধে এই বই-এর প্রথম অধ্যায়-এ বিস্তৃত আলোচনা করা হয়েছে। এখন বাক্যের গঠন পদ্ধতির দিকে নজর দেওয়া যাক। উল্লেখ্য যে ইংরেজী বাক্যকে তিন শ্রেণীতে বিভক্ত করা হয়: a) Simple; b) Compound এবং c) Complex. এদের মধ্যে compound এবং complex sentence গুলো simple sentences-এর সমন্বয়ে গঠিত হয়। তাই simple sentence-এর গঠন পদ্ধতি অধিকতর গুরুত্বপূর্ণ এবং এই অধ্যায়ে simple sentence-এর structure বা গঠন নিয়ে আলোচনা করা হবে। তবে তার আগে simple sentence কাকে বলে তা জানা দরকার।

A simple sentence contains a single independent clause.

অর্থাৎ simple sentence একটি মাত্র স্বয়ংসম্পূর্ণ clause নিয়ে গঠিত হয়। Subject ও Predicate এই দু'টি অংশের সমষ্টিকে clause বলে। সাধারণত: noun বা pronoun (*I, we, she, it, they*) subject হিসেবে কাজ করে। তবে subject জটিলও হতে পারে। সেক্ষেত্রে subject-এর সঙ্গে pre ও postmodifiers থাকতে পারে যার উদাহরণ Lesson 3 ও 4-এ দেওয়া হয়েছে। Simple sentence-এর Predicate অংশ finite verb নিয়ে গঠিত হয়। এটি একটি অথবা একাধিক শব্দ হতে পারে যার উদাহরণ Lesson 6 ও 7-এ দেয়া হয়েছে। 'Finite' কথাটির অর্থ 'limited' বা 'সীমিত'। Finite verb-কে subject এর নিয়ন্ত্রণাধীনে কাজ করতে হয় বলে ঐ নাম দেওয়া হয়েছে। Subject-এর person ও number অনুযায়ী এই verb নিয়ন্ত্রিত হয়। Finite verb সময়ও প্রকাশ করে। উদাহরণ দিলে কথাগুলো পরিষ্কার হবে।

Subject	Predicate
1. Ali	swims.
2. Birds	fly.
3. She	sang.

প্রথম উদাহরণে *swim* এই verb-এর সঙ্গে s যোগ করা হয়েছে কারণ Ali এই Subject টি third person singular. দ্বিতীয় উদাহরণটিতে *fly* এই verb টি plural form এ আছে (s যোগ করা হয়নি) কারণ *Birds* এই subject টি plural. এই দু'টি উদাহরণে verb গুলো Subject-এর person ও number দ্বারা নিয়ন্ত্রিত। Finite verb এর আর একটি বৈশিষ্ট্য এই যে ইহা tense বা সময় প্রকাশ করে। তৃতীয় উদাহরণে *sang* এই verb টি past form এ আছে। Participles (-ing forms) ও Infinitives (*to* + base forms of verbs)-এর মধ্যে এই তিনটি বৈশিষ্ট্য নেই অর্থাৎ তারা subject এর person এর number দ্বারা নিয়ন্ত্রিত নয় এবং tense বা সময়ও প্রকাশ করে না। উদাহরণের finite verb গুলোকে non-finite করলে নিম্নরূপ দাঁড়াবে:

1. Ali swimming.
2. Birds to fly.
3. She singing.

'Swimming', 'to fly' ও 'singing' এগুলো non-finites. এরা Subject-এর সঙ্গে agree করে না এবং সময়ও প্রকাশ করে না। তাই তারা finite verb হিসাবে কাজ করতে পারে না।

মোদ্দা কথা হলো যে simple sentence একটি স্বয়ংসম্পূর্ণ clause যার মধ্যে একটি subject ও একটি predicate থাকে।

Simple sentence-কে অর্থ বা উদ্দেশ্য অনুযায়ী চারটি শ্রেণীতে বিভক্ত করা যায়। শিক্ষার্থীকে এই চারটি শ্রেণীর সঙ্গে পরিচিত হতে হবে কারণ এদের প্রত্যেকটির আলাদা আলাদা structure আছে। এই চারটি শ্রেণী হলো:

1. Declarative: এই জাতীয় বাক্য হাঁ-সূচক বা না-সূচক statement করে।

Examples:

Hamid is a student. (হাঁ-সূচক structure)

He is not a teacher. (না-সূচক structure)

2. Interrogative: এই জাতীয় বাক্য প্রশ্ন জিজ্ঞাসা করে।

Examples:

What is your name?

Where are you from?

3. Imperative: এই জাতীয় বাক্য হুকুম করে অথবা অনুরোধ করে।

Examples:

Come in.

Shut the door.

4. Exclamatory: এই জাতীয় বাক্য আবেগ প্রকাশ করে।

Examples:

How nice to see you!

What a wonderful idea!

Exercise

- Identify the finite verbs in the following sentences:
 - Smiling, she greeted me.
 - Mr. Ahmed is an engineer working in Khulna.
 - My language teacher asked me to work hard.
 - He saw the blind man cross the street without help.
 - I want to make a suggestion.
- Say how the finite verb in each of the following sentences is limited to its subject.

a) Weeds grow.	d) Lightning flashed.
b) Julekha danced.	e) God exists
c) I laugh.	f) We agree.
- Fill in the blanks with single-word subjects or single-word predicates:

a) Cocks ...	d) ... sleeps.
b) ... chirp	e) They ...
c) Sheep ...	f) She ...
- Identify the type of each of the following sentences:
 - Come in.
 - The girls are singing the national anthem.
 - The lady sitting next to the chairman is his wife.
 - What makes you laugh?
 - How lucky you are!
 - Shorab is not an intelligent boy.
 - Don't make a noise.
 - What is your nationality?

Lesson 10

Aim: Simple declarative sentence-এর basic structures-এর সঙ্গে পরিচয় করিয়ে দেওয়া

Lesson 9-এ simple sentence-এর যে চারটি বিভাগ দেখানো হয়েছে তার মধ্যে declarative sentence সব চেয়ে গুরুত্বপূর্ণ কারণ বেশীর ভাগ লেখায় এই জাতীয় বাক্য ব্যবহৃত হয়। Declarative sentence-এর basic structures নিম্নরূপ:

✓ 1. Subject + Intransitive Verb

Dogs		bark.
Hasina	is sleeping.	

② Subject + Linking Verb + Complement (Adjective) →

Ali	is	tall.
Honey	tastes	sweet.

③ Subject + Linking Verb + Complement (Noun)

Kabir	is	a farmer
Mina	became	a nurse.

4. Subject + Be Verb + Complement (Adverbial)

Hamida	is	in the kitchen.
Ahmed	is	in the library.

⑤ Subject + Transitive Verb + Object (Noun/Pronoun)

Kamal	speaks	English
Monica	has bought	an umbrella.

6. Subject + Transitive Verb + Object (Noun/Pronoun) + Complement (Adjective)

We	found	the poem	difficult
The nurse	kept	the baby	quiet.

7. Subject + Transitive + Object (Noun/Pronoun) + Complement (Noun)

We elected Karim secretary
They appointed him headmaster.

8. Subject + Transitive + Indirect Object + Direct Object (noun/pronoun)

They awarded Shamim a prize.
I sent her some flowers.

9. *There* + Verb + Subject

There is a book on the table.
There lived a hermit in the forest.

পরবর্তী Lesson গুলোতে এই structure গুলোর বিস্তৃত পরিচয় দেওয়া হবে।

Lesson + sby + Can + Tra

Capota + sub

DELWAP
for
Delwar

Lesson 11

Aim: a) Structure 1-এর function ব্যাখ্যা করা ও উদাহরণ দেওয়া

b) Verb কিভাবে modify করা যায় তা দেখানো

c) সচরাচর ব্যবহৃত intransitive verb-এর তালিকা দেওয়া

Structure 1-এ দু'টি basic items থাকে: subject ও intransitive verb. আগেই উল্লেখ করা হয়েছে যে noun বা pronoun বাক্যের subject হিসেবে কাজ করে। Intransitive verb সেই verb কে বলে যার পরে কোন Object (noun/pronoun) বসে না অথচ subject সহ সম্পূর্ণ অর্থ প্রকাশ করে। নীচে এই structure-এর কয়েকটি উদাহরণ দেওয়া হলো:

Subject

1. Gold
2. Yasmin
3. The old man
4. The roof of this building
5. Two sickly boys

Intransitive verb

- glitters.
smiled.
is dozing.
might collapse.
have fainted

উপরের উদাহরণগুলোতে verb-এর পরে কোন noun/pronoun বা অন্য কোন শব্দ বসেনি কিন্তু subject সহ তারা সম্পূর্ণ অর্থ প্রকাশ করেছে। এই ধরনের verb-কে intransitive বলে। লক্ষণীয় যে প্রথম দুটি উদাহরণ মাত্র দুটি শব্দ নিয়ে গঠিত: একক শব্দবিশিষ্ট subject (*Gold* ও *Yasmin*) এবং একক- শব্দবিশিষ্ট verb (*glitters* ও *smiled*) *Glitters* এই verb টি present form এ আছে এবং *smiled* এই verb টি past form এ আছে। বাকী তিনটি উদাহরণে Subject ও Intransitive verb জটিল। কিভাবে তা করা হয়েছে দেখা যাক:

Subject

Intransitive verb

Deter miner	Adjective	Noun	Prepositional phrase	
The	old	man		is dozing. (<i>be</i> + ing form of verb)

The		roof	of this building	might collapse. (modal + base form of verb)
Two	sickly	boys		have fainted. (have + past participle)

উল্লেখ্য যে verb-এর সঙ্গে অন্য শব্দ যোগ করে অর্থকে সম্প্রসারিত করা যায়, যেমন বলা যেতে পারে:

The old man is dozing in *his chair*.

The roof of this building might collapse *any time*.

Two sickly boys have fainted *just now*.

উদাহরণের italicized শব্দগুলো verb-কে modify করছে অর্থাৎ verb সম্বন্ধে আরো তথ্য দিচ্ছে। তবে মনে রাখতে হবে যে তারা structure-এর অবিচ্ছেদ্য অংশ নয়; তারা optional; ইচ্ছা করলে ব্যবহার করা যায় অথবা বাদ দেওয়া যায়। গঠন অনুযায়ী verb-এর modifiers কে বিভিন্ন ভাগে বিভক্ত করা যেতে পারে:

(i) **Particles:** এই term-টি নিম্নলিখিত শব্দগুলোর ক্ষেত্রে প্রযোজ্য:

across	away	back	down	in	out	off
--------	------	------	------	----	-----	-----

এই শব্দগুলো verb-এর পরে বসে verb-কে modify করে। তবে অনেকে মনে করেন যে এগুলো verb-এর অংশ। এগুলোকে two-word verbs ও বলা যায়।

Examples:

- His car *broke down*.
- A prisoner *got away*.
- The lights *went out*.
- His false beard *came off*.

(ii) **Single-word adverbs:** একক শব্দ-বিশিষ্ট adverb দ্বারা verb-কে modify করা যায়।

Examples:

- Monica sang *beautifully*.
- The guests will arrive *tomorrow*.
- Hamid lives *here*.

(iii) **Prepositional phrases:** আগেই উল্লেখ করা হয়েছে যে prepositional phrase (preposition + noun/noun phrase) noun-কে modify করে। এই জাতীয় phrase দ্বারা verb-কেও modify করা যায়।

Examples:

- a) A bomb exploded *at night*.
- b) Two boys are playing *in the field*.
- c) The President spoke *for an hour*.

(iv) **Noun phrases** : Noun phrase কিভাবে verb কে modify করে তার কিছু উদাহরণ দেওয়া হলো:

- a) John swims *every day*.
- b) My brother will come *tomorrow morning*.
- c) The accident happened *two days ago*.

(v) **Infinitive/Infinitive phrases**: আগেই উল্লেখ করা হয়েছে যে 'to' + base form of a verb নিয়ে infinitive গঠিত হয়। infinitive যখন verb কে modify করে তখন তাকে infinitive of purpose বলা হয়।

Examples:

- a) He sat down *to relax*.
- b) They sprang up *to protest*.
- c) We went to town *to buy some clothes*.

(vi) **Present participles/Present participle phrases**: verb-এর সঙ্গে *ing* যোগ করে present participle তৈরি করা হয়। যে সব intransitive verb-এর পরে present participle/present participle phrases ব্যবহার করা যায় সেগুলো হলো : *come, go, lie, sit, stand*.

Examples:

- a) Mosquitoes came *swarming in*.
- b) Monica has gone *shopping*.
- c) Hamida sat *watching television*.
- d) Kamal stood at the window, *looking out*.

Verb modifiers-এর structure বা গঠন অনুযায়ী উপরের তালিকা দেওয়া হয়েছে। এই সব modifiers কে adverbials হিসেবে গণ্য করতে হবে। নীচে function বা উদ্দেশ্য অনুযায়ী adverbials এর শ্রেণী বিভাগ করা হলো:

1. **Adverbials of Manner:** They answer the question 'how' ('কিভাবে' একটা জিনিস ঘটে বা ঘটলো এগুলো সেই প্রশ্নের জবাব দেয়।) নীচে adverbials of manner-এর তালিকা দেওয়া হলো:

well	beautifully
badly	slowly
perfectly	quickly
carefully	frankly

বলা বাহুল্য, এই তালিকা exhaustive বা সম্পূর্ণ নয়।

Examples:

He speaks slowly.

She sang beautifully.

They listened carefully.

2. **Adverbials of Place:** They answer the question 'where' ('কোথায়' তারা এই প্রশ্নের জবাব দেয়।)-এ ধরনের adverbials সাধারণত: prepositional phrase (Preposition + Determiner + Adjective + Noun) হয়:

Preposition + Determiner + Adjective + Noun – Adjective + Noun

in	the	university library
along	the	road
under	the	table
behind	the	kitchen

Examples:

Monica is reading in the university library.

Ahmed is walking along the road.

Kamal is digging behind the kitchen.

3. **Adverbials of Direction :** They answer the question 'where to' ('কোনদিকে' যাচ্ছে তারা এই প্রশ্নের জবাব দেয়।) এগুলো সাধারণত: prepositional phrase হয়:

to school
towards the door
to Dhaka

Examples:

Jamal is going to school

Belal is walking towards the door.

Kamal will fly to Dhaka.

4. **Adverbials of Time:** They answer the question 'when' (একটা কাজ 'কখন' ঘটে বা ঘটলো তারা এই প্রশ্নের জবাব দেয়।) এগুলো সাধারণত: prepositional phrase হয়, তবে preposition এর ব্যবহার লক্ষ্যণীয়:

Rules	Examples	
a. <i>in</i> before months	in January	in June
years	in 1985	in 1989
seasons	in winter	in summer
special expression	in the morning	in the afternoon
b. <i>on</i> before days of the week	on Monday	on Thursday
dates	on 10 th July	on 15 th March
c. <i>at</i> before the time of day	at nine-thirty	at 8:30
special expression	at noon	at night

Every + Noun দিয়েও একটি adverbial of time হতে পারে।

Examples:

He walks every day/every morning.

She goes to Dhaka every month/every year.

5. **Adverbials of Duration :** They answer the question 'how long' ('কতক্ষণ' একটি কাজ চলছে তারা এই প্রশ্নের জবাব দেয়।) এই জাতীয় adverbials *for* দিয়ে তৈরি হয়।

Examples:

She has been shopping for two hours.

We have been living in Rajshahi for twenty years.

6. **Adverbials of Degree:** Degree adverbials sometimes answer the question 'how far' and sometimes 'how much':

Examples:

How far do you agree with me?

I agree with you *completely*.

How much did you enjoy the film.

I enjoyed it *very much*.

একই বাক্যে একাধিক adverb ব্যবহার করা যেতে পারে। সেক্ষেত্রে order টা নিম্নরূপ হবে: manner, place, time:

Examples:

I went home by rickshaw yesterday.

He ~~walked~~ home through the park.

I drive to work every morning.

Structure I (Subject + Intransitive verb) আয়ত্ত্ব করতে হলে এই structure এ বহু বাক্য তৈরী করতে হবে এবং তা করতে হলে intransitive verb জানতে হবে। নীচে intransitive verb-এর একটি তালিকা দেওয়া হলো। এই তালিকায় Intransitive verb-এর function ও দেখানো হয়েছে।

1. Verbs of Movement or Direction

Present	Past	Past Participle
Come (আসা)	came	come
go (যাওয়া)	went	gone
walk (হাঁটা)	walked	walked
stroll (আস্তে হাঁটা)	strolled	strolled
run (দৌড়ানো)	ran	run
jump (লাফানো)	jumped	jumped
swim (সাঁতার কাটা)	swam	swum
boil (ফুটে ওঠা)	boiled	boiled
play (খেলা করা)	played	played

Present	Past	Past Participle
fly (উড়া)	flew	flown
get up (বিছানা ছেড়ে ওঠা)	got up	got up
rise (উঠা)	rose	risen
move (চলা)	moved	moved
dance (নাচা)	danced	danced
travel (ভ্রমণ করা)	travelled	travelled
float (ভাসা)	floated	floated

2. Verbs of Sound

Present	Past	Past Participle
cry (কান্না করা)	cried	cried
shout (চিৎকার করা)	shouted	shouted
roar (গর্জন করা)	roared	roared
whistle (বাঁশী বাজানো)	whistled	whistled
howl (নেকড়ের ডাক)	howled	howled
bleat (ভেড়ার ডাক)	bleated	bleated
trumpet (হাতীর ডাক)	trumpeted	trumpeted
mew (বিড়ালের ডাক)	mewed	mewed
bark (কুকুরের ডাক)	barked	barked
twitter (কিচির মিচির করা)	twittered	twittered
laugh (জোরে হাসা)	laughed	laughed
neigh (ঘোড়ার ডাক)	neighed	neighed
sob (ফুপিয়ে কাঁদা)	sobbed	sobbed
scream (ভয়ে চিৎকার করা)	screamed	screamed

3. Verbs of Rest or Position

Present	Past	Past Participle
sit (বসা)	sat	sat
lie (শোওয়া)	lay	lain
rest (বিশ্রাম নেওয়া)	rested	rested
stand (দাঁড়ানো)	stood	stood
squat (আসন গেড়ে বসা)	squatted	squatted
wait (অপেক্ষা করা)	waited	waited
sleep (ঘুমানো)	slept	slept
arrive (পৌছানো)	arrived	arrived
breathe (নিশ্বাস নেওয়া)	breathed	breathed
stop (থামা)	stopped	stopped
live (বাস করা)	lived	lived
stay (অবস্থান করা)	stayed	stayed

4. Other intransitive verbs

Present	Past	Past Participle
glitter	glittered	glittered
sparkle	sparkled	sparkled
fade	faded	faded
smoke	smoked	smoked
fail	failed	failed
surrender	surrendered	surrendered
rot (পচে যাওয়া)	rotted	rotted
opened (খোলা)	opened	opened
break (ভেঙ্গে যাওয়া)	broke	broken

Present	Past	Past Participle
close (বন্ধ হওয়া)	closed	closed
drop (পড়ে যাওয়া)	dropped	dropped
die (মারা যাওয়া)	died	died
happen (ঘটা)	happened	happened
sink (ডুবে যাওয়া)	sank	sunk
drown (মানুষ ডুবে যাওয়া)	drowned	drowned
appear (উদিত হওয়া)	appeared	appeared
disappear (উধাও হওয়া)	disappeared	disappeared

উল্লেখ যে উপরোক্ত তালিকাভুক্ত কিছু কিছু শব্দ transitive verb হিসেবেও ব্যবহৃত হয়। Transitive verb এর কথা পরে বলা হবে। আপাতত: মনে রাখতে হবে যে তালিকাভুক্ত verb গুলো structure I (Subject + Intransitive verb)-এ ব্যবহার করা যাবে। এগুলো বিভিন্ন tense form-এ এবং modal auxiliaries এর সঙ্গে ব্যবহার করা যাবে এবং এদের পরে adverbials বসানো যাবে। নীচে কয়েকটি উদাহরণ দেওয়া হলো:

The car moved off.

The car moved off at high speed.

The car is moving off slowly.

Shops open at nine o'clock.

Shops opened at eight o'clock yesterday.

Shops might open at seven o'clock tomorrow.

She gets up at seven o'clock.

She got up at eight o'clock yesterday.

She might get up at nine o'clock tomorrow.

He swims.

He swims on Mondays.

He might swim tomorrow.

Exercises

1. Identify the modifiers of the verbs in the following sentences:
 - a) We live behind the mosque.
 - b) The rain has stopped completely.
 - c) Amin is going to school.
 - d) I have been working in Rajshahi for ten years.
 - e) A boat capsized in the Padma yesterday.

2. Write structure I sentences using
 - a) a verb with an adverbial of manner
 - b) a verb with adverbials of place and time
 - c) a verb with adverbials of manner, place and time
 - d) a verb with an adverbial of duration
 - e) a verb with an adverbial of direction

3. Write structure I sentences modifying the verbs with the following adverbials:

occasionally	in the afternoon	last night
badly	in the evening	on the floor
quickly	at five o'clock	for five hours
quietly	in summer	every day
suddenly	in 1984	on Monday

4. She walked
 Modify the verb in the above sentence by adding
 - a) an adverbial of place
 - b) an adverbial of time
 - c) an adverbial of manner

5. Write five structure I sentences using five different verbs of movement. Vary the tense form and use adverbials.

6. Write five structure I sentences using five different verbs of sound. Vary the tense form and use adverbials.

7. Write five structure I sentences using five different verbs of rest. Vary the tense form and use adverbials.

Lesson 12

Aim: Paragraph-এর মাধ্যমে Structure 1-এর উদাহরণ দেওয়া

Subject ও Intransitive verb নিয়ে যে structure তৈরি হয় পূর্ববর্তী Lesson-এ sentence level-এ তার উদাহরণ দেওয়া হয়েছে। এই Lesson-এ paragraph এর মাধ্যমে আরো উদাহরণ দেওয়া হলো। তবে উল্লেখ করা দরকার যে paragraph গুলো model হিসেবে লেখা হয়নি। যাতে শিক্ষার্থী একটি বিশেষ structure সহজে আয়ত্ত্ব করতে পারে সেই জন্য একই structure বার বার ব্যবহার করা হয়েছে। পরবর্তী যে সব Lesson-এ এই ধরনের paragraph লেখা হয়েছে সেগুলোর উদ্দেশ্য একই। বলাবাহুল্য, একটি সুলিখিত paragraph-এ একাধিক structure থাকা বাঞ্ছনীয়।

- a) A tall stout man with a stick in his hand was walking along a country road in the afternoon. Soon he came to a bend. He stopped there suddenly. A big black snake was lying across the road. The man scared. The stick dropped from his hand. He ran away. Arriving home, he slumped into a chair. Then he fainted.
- b) Kamal, a bright student reading for an honours degree in English at Rajshahi University, lives in a hall of residence. He gets up at seven o'clock every morning. Then he exercises vigorously for half an hour. He breakfasts heartily at eight o'clock. He goes to class at half-past eight. He reads in the library in the afternoon. He works very hard.
- c) Mr. Hamid, a rather fat man, was strolling in his garden. After a while he sat down on the grass. Mrs Hamid, a plump woman, was knitting under a tree. Mina, their pretty little daughter, was prattling beside her mother. Mr Hamid got up and walked towards them. But he stumbled over the root of a tree. His wife looked up anxiously. But his daughter giggled.

Vocabulary:

country road— গ্রামের রাস্তা; scared— ভয় পেয়ে গেল; tall— লম্বা; bend— মোড়; dropped— পড়ে গেল; stout— মোটাসোটা; stopped— থেমে গেল; slumped— ধপাস করে পড়ে গেল; stick— লাঠি; suddenly— হঠাৎ; fainted— অজ্ঞান হয়ে গেল; hall of residence— ছাত্রাবাস; was strolling— আস্তে আস্তে হাঁটছিল; get up— উঠে পড়া; After a while— কিছুক্ষণ পর; vigorously— জোরে জোরে; plump— নাদুশনুদুশ; heartily— তৃপ্তির সঙ্গে; was prattling— বকবক করছিল; stumbled— হাঁচট খেয়েছিলেন; anxiously— উদ্বেগের সঙ্গে; giggled— ফিকফিক করে চাপা হাসলো।

Paragraph তিনটিতে প্রত্যেকটি বাক্য noun/pronoun ও intransitive verb নিয়ে গঠিত। তবে বক্তব্য স্পষ্ট করার জন্য কোন কোন noun ও verb-এর সঙ্গে modifiers ব্যবহার করে সেগুলো সম্প্রসারিত করা হয়েছে। Paragraph-এ ব্যবহৃত এ ধরনের শব্দগুলোর analysis দেওয়া হলো।

Subject (Noun with modifiers)

Determiner	Adjective(s)	Noun	Prepositional phrase
A	tall stout	man	with a stick in his hand (two prepositional phrases)
A	big bluk	snake	
The		man	
The		stick	

Predicate (intransitive verbs with modifiers)

Auxiliary	Main verb	Adverbial of manner	Place	Time
was	walking		along a country road	in the afternoon
	came		to a bend	
	stopped	suddenly		
was	lying		across the road	
	dropped		from his hand	
	slumped		into a chair	

প্রথম paragraph-এর নিম্নলিখিত বাক্যটি লক্ষ্যণীয়:

Arriving home, he slumped into a chair.

এই বাক্যে Subject (*he*)-এর আগে ব্যবহৃত *Arriving home* এই phrase টিকে present participle phrase বলা হয়। মূল verb-এর সঙ্গে *-ing* যোগ করে present participle তৈরি করা হয়। নিম্নলিখিত ক্ষেত্রে present participle ব্যবহার করা যায়:

- a) যখন দু'টো ঘটনা এক সঙ্গে ঘটে তখন তাদের একটাকে present participle দিয়ে এবং অন্যটাকে main verb-এ প্রকাশ করা যায়:

Smiling, the girl went away.

Groaning, the old man collapsed.

- b) যখন দু'টো ঘটনার একটি অন্যটির পরে ঘটে এবং তাদের Subject একই তখন প্রথম ঘটনাটি present participle দিয়ে প্রকাশ করা যায়। যেমন Passage A থেকে উদ্ধৃত বাক্যটিতে করা হয়েছে। (*Arriving home, he slumped into a chair*)। আরো উদাহরণ দেওয়া হলো:

Taking off his shoes, he jumped into the pond.

Putting off the light, he went to bed.

তবে এক্ষেত্রে present participle এর পরিবর্তে perfect participle ও ব্যবহার করা যায়। *Having taken off his shoes. Having put off the light.* উল্লেখ্য যে, present participle-এর উপরোক্ত প্রয়োগ দু'টি প্রধানত: written English বা লিখিত ইংরেজীতে ব্যবহার করা হয়। কথ্য ভাষায় কথাগুলো সাধারণত: এইভাবে বলা হয় :

The girl smiled and went away.

He took off his shoes and jumped into the pond.

- c) যখন দ্বিতীয় ঘটনাটি প্রথমটার অংশ হয় অথবা তার ফলশ্রুতি হয় তখন দ্বিতীয়টিকেও present participle দিয়ে প্রকাশ করা যায়।

Examples:

She came in, closing the door behind her.

He rushed out, shouting for help.

উল্লেখ্য যে adverbials এর position নির্দিষ্ট নয়। তারা verb এর আগে, পরে অথবা subject এর আগে বসতে পারে। তবে তারা সাধারণত: verb এর পরে বসে। Paragraph গুলোতে ব্যবহৃত adverbials-এর position যত্নসহকারে লক্ষ্য করতে হবে।

Exercise

1. Find in passages B and C subjects which have been modified by appositives and analyse the appositives.
2. Find the verbs modified by adverbials of manner.
3. Find the verbs modified by adverbials of place.
4. Find the verbs modified by adverbials of time and duration.
5. Write five structure 1 sentences using present participles or present participle phrases.
6. Write ten structure 1 sentences modifying the subjects and predicates in as many ways as possible.
7. Write a continuous paragraph consisting of only structure 1 sentences.
8. Identify structure 1 sentences in the following paragraph:

Mr. Hasan works for the local municipality. He is a sanitary inspector. His duty is to see that the regulations for the protection of health are obeyed. Riding a bicycle, he visits various parts of the town frequently. As a result of his work, sanitary conditions of the town are excellent.

Lesson 13

Aim: Structure 2 (Subject + Linking verb + Adjective – Complement)-
এর গঠন এবং function ব্যাখ্যা করা ও উদাহরণ দেওয়া

1. Shamima is pretty.
2. Honey tastes sweet.
3. Kabir looks cheerful.
4. Hasan has become rich.
5. Monica feels sad.
6. Milk turns sour.

উপরের বাক্যগুলো structure 2-এর উদাহরণ। এই structure-এ তিনটি basic items (মূল অংশ) আছে। এর প্রথমটি হলো Subject যেটা সব structure এ থাকে। ইতিপূর্বে structure 1-এর ব্যাখ্যা প্রসঙ্গে বলা হয়েছে যে noun অথবা pronoun সাধারণত: Subject হিসেবে কাজ করে। তবে noun কে নানাভাবে modify করে expand (সম্প্রসারণ) করা যায়, যেমন প্রথম উদাহরণে appositive যোগ করে এই ভাবে লেখা যায়:

Shamima, daughter of Mr and Mrs Kamal, is pretty.

অন্যান্য উদাহরণের Subject-কেও নানাভাবে সম্প্রসারণ করা যায়, যেমন শেষ উদাহরণের আগে adjective বসিয়ে এই ভাবে লেখা যায়:

Unpasteurized milk turns sour.

প্রথম structure-এর মতেই এই structure এ Subject-এর পরে verb বসেছে। তবে প্রথম structure-এ ছিল intransitive verb, কিন্তু এই structure-এর verb -কে linking verb বলে কারণ এই verb-এর কাজ হচ্ছে Subject ও Adjective-Complement-কে link বা সংযুক্ত করে দেওয়া। আগেই দেখানো হয়েছে যে adjective সাধারণত: noun-এর আগে বসে তার গুণ প্রকাশ করে। এই structure-এ adjective বসেছে verb-এর পরে। তবে উদ্দেশ্য একই: noun-এর গুণ প্রকাশ করা।

Linking verb-এর সংখ্যা সীমিত। এর মধ্যে *be* সবচেয়ে বেশী ব্যবহৃত হয়। আগেই উল্লেখ করা হয়েছে যে *be*-এর আটটি forms আছে যথা: *be, am, is, are, was, were, being* ও *been*। নীচে এগুলো ব্যবহার করে structure 2-এর উদাহরণ দেওয়া হলো:

- a) I am happy.
- b) Mina is intelligent.

- c) You are kind.
- d) Belal was ill.
- e) Hamid and Hakim were absent.
- f) Karim may be ill.
- g) You are being impatient.
- h) The sky has been cloudy.

উল্লেখ্য যে *be* যখন main verb হিসাবে কাজ করে তখন তার আগে সাহায্যকারী verb থাকতে পারে যেমন শেষের তিনটি উদাহরণে আছে। সেগুলোতে *be* (base form), *being* (-ing form) এবং *been* (past participle form)-এর আগে যথাক্রমে *may*, *are* এবং *has* বসানো হয়েছে। তারা linking verbs (main verbs)-কে সাহায্য করছে। উল্লেখ করা দরকার যে *be* একাধারে সাহায্যকারী ও main verb হিসেবে কাজ করতে পারে। উদাহরণ (g)-তে এটা লক্ষ্য করা যায়। সেখানে *are* হলো *be*-এর একটি form; এটি সাহায্য করছে *being*-কে যেটা main verb এবং *be* এর *ing* form.

Be ছাড়া আরো কিছু verb আছে যেগুলো linking verb হিসেবে কাজ করতে পারে। নীচে তাদের তালিকাসহ উদাহরণ দেওয়া হলো:

Linking Verbs*

Examples

appear/appeared/appeared	Rahim appears healthy.
become/became/become	The merchant became poor.
fall/fell/fallen	Shirin has fallen ill.
feel/felt/felt	The boy felt nervous.
get/got/got	You are getting bald.
go/went/gone	Kalam has gone mad.
grow/grew/grown	The patient grew restless.
keep/kept/kept	You must keep calm.
look/looked/looked	His eyes look red.
prove/proved/proved	The sum proved difficult.
remain/remained/remained	The morale of the soldiers remained high.

* Linking verb গুলোর যে তিনটি forms দেওয়া হলো সেগুলো যথাক্রমে ঐ verb গুলোর present, past এবং past participle form.

run/ran/run	The river has run dry.
seem/seemed/seemed	Mina seems unhappy.
smell/smelt/smelt	These flowers smell sweet.
sound/sounded/sounded	You sound pessimistic.
taste/tasted/tasted	Mangoes taste delicious.
turn/turned/turned	The leaves of the trees are turning yellow.

উল্লেখ্য যে উপরের অনেকগুলো verb-কে intransitive ও transitive হিসেবেও ব্যবহার করা যায়। তবে এখানে linking হিসেবে ব্যবহৃত হয়েছে অর্থাৎ তাদের পরে adjective বসেছে এবং adjective টি subject-এর গুণ প্রকাশ করছে। মনে রাখতে হবে যে উপরের linking verb-এর প্রত্যেকটি *be*-এর সঙ্গে ঘনিষ্ঠভাবে জড়িত এবং তাদের *be*-এর কোন একটি form দিয়ে replace করা যায়, যেমন:

Mina seems (is) unhappy.

The sum proved (was) difficult.

এই structure-এর তৃতীয় অংশ adjective-এর কথা আগেই বলা হয়েছে। একে predicate adjective ও বলে কারণ এটি predicate বা verb এর পরে বসে। এই adjective টি complement এর কাজ করে। অর্থাৎ subject এর সঙ্গে সম্পৃক্ত হয়ে অর্থকে complete বা সম্পূর্ণ করে। Adjective ব্যবহার করার সময় সেটি subject এর গুণ প্রকাশ করছে কিনা তা বিবেচনা করতে হবে।

Adjective-Complement-এর আগে ও পরে বিভিন্ন শব্দ বসিয়ে তাকে modify করা যায়। আগে যে সব শব্দ বসে তাদেরকে premodifiers এবং পরে যে সব শব্দ বসে তাদেরকে postmodifiers বলে।

Premodifiers of Adjectives:

- a) **Intensifiers:** Adverb যখন adjective-এর আগে বসে adjective-এর অর্থ জোরদার করে তখন তাকে intensifier বলে। নীচে intensifiers-এর একটি তালিকা দেওয়া হলো:

absolutely	extremely	perfectly	terribly
completely	greatly	really	thoroughly
deeply	highly	seriously	very

1. His behaviour is *absolutely* awful.
2. The house is *completely* empty.

3. I am *deeply* sorry.
4. Nazma is *extremely* shy.
5. Mina is *very* pretty.

- b. **Noun phrases that state a number of units of measurement** – পরিমাপজ্ঞাপক noun phrase (noun with modifiers): এগুলো সাধারণত: বয়স, দৈর্ঘ্য, প্রস্থ, উচ্চতা ও গভীরতা প্রকাশ করে।

Examples:

1. Kamal is *twenty years* old.
2. Mina is *five feet* tall.
3. The new road is *ten miles* long.
4. The ocean is *five hundred feet* deep.

উপরের উদাহরণের italicized শব্দগুলো noun phrase. তারা adjective-এর পরিমাপ প্রকাশ করছে।

Postmodifiers of Adjectives:

- a) **Infinitive/Infinitive Phrase:** আগেই উল্লেখ করা হয়েছে যে 'to' + base form of a verb-কে infinitive বলে। Verb থেকে infinitive তৈরি হয় বলে, verb এর কিছু গুণাবলী এর মধ্যে থাকে অর্থাৎ infinitive-এর পরে adverb বসতে পারে বা transitive verb থেকে তৈরি হলে object বসে। Infinitive-এর সঙ্গে অন্য কোন শব্দ থাকলে Infinitive Phrase বলা হয়। Adjective এর পরে যখন infinitive বা infinitive Phrase বসে তখন এই অর্থ প্রকাশ করে যে adjective টি infinitive/infinitive phrase-এ বর্ণিত অবস্থার ক্ষেত্রে প্রযোজ্য।

Examples:

1. Aslam is eager *to swim*. (Infinitive)
2. Alam is happy *to come home*. (Infinitive Phrase)
3. Kamal is willing *to help us*. (Infinitive Phrase)
4. I am sorry *to interrupt you*. (Infinitive Phrase)

উপরোক্ত উদাহরণগুলোতে infinitive পূর্ববর্তী adjective-কে modify করছে।

- b) **Enough + Infinitive:** *Enough* এই adverb-এর সঙ্গে যখন infinitive ব্যবহৃত হয়ে predicate adjective-কে modify করে তখন তার অর্থ এই যে adjective-এ বর্ণিত গুণ উপযুক্ত সীমা বা পরিমাণে পৌঁছে গেছে।

Examples:

1. Ahmad is old *enough to go to school*. (তার স্কুলে যাবার মত যথেষ্ট বয়স হয়েছে।)
2. The patient felt strong *enough to leave his bed*. (সে বিছানা থেকে ওঠার মত যথেষ্ট শক্তি বোধ করলো।)
3. He was kind *enough to help me*. (সে আমাকে সাহায্য করার মত যথেষ্ট দয়ালু।)
4. His essay was not good *enough to satisfy his teacher*. (তার রচনা শিক্ষককে সন্তুষ্ট করার মত যথেষ্ট ভাল ছিল না।)

- c) **TOO + Adjective + Infinitive:** *Too*-এর সঙ্গে যখন infinitive বসে তখন তার অর্থ এই যে adjective-এ বর্ণিত অবস্থার জন্য infinitive-এ বর্ণিত কার্যটি সম্ভব নহে:

Examples:

1. The patient is *too weak to walk*. (রোগী এত দুর্বল যে হাঁটতে পারে না।)
2. The doctor was *too busy to answer the telephone*. (ডাক্তার এত ব্যস্ত ছিলেন যে তিনি টেলিফোনের জবাব দিতে পারেন নি।)
3. It is *too hot to work here*. (এখানে এত গরম যে কাজ করা যায় না।)
4. He was *too lazy to look for a job*. (সে এত অলস যে চাকরী খোঁজ করা তার পক্ষে অসম্ভব।)

- d) **For-Phrase + Infinitive:** Adjective-এর পরে যখন for-phrase + infinitive বসে তখন তার অর্থ এই যে adjective টি কিছু লোকের জন্য প্রযোজ্য, সকলের জন্য নয়।

Examples:

The story is *easy for some students to read*.

It is *difficult for us to speak English fluently*.

- e) **Of-Phrase + Infinitive :** Adjective-এর পরে যখন *of*-phrase + infinitive বসে তখন adjective টি infinitive এ বর্ণিত কাজের জন্য ব্যক্তিটির গুণ প্রকাশ করে।

Examples:

It is very kind *of you to help me*.

It was very thoughtful *of him to have presented this book to me*.

- f) **Prepositional Phrase:** Prepositional phrase (preposition + noun phrase) পূর্ববর্তী adjective সম্বন্ধে আরো তথ্য দিতে পারে।

Examples:

1. Mina is fond *of sweets*.
2. Karim is angry *with his friends*.
3. The officer was absent *from work yesterday*.
4. Kamal is worried *about his results*.

উল্লেখ্য যে, যেকোন adjective এর সঙ্গে যেকোন proposition ব্যবহার করা যাবে না। প্রত্যেক adjective এর পরে appropriate preposition বসাতে হবে।

Adjective এর তিনটি forms আছে- base form, comparative form এবং superlative form. উপরের উদাহরণগুলোতে base form ব্যবহার করা হয়েছে। বাকী দুটো form-এর ব্যবহারও জানা দরকার। Comparative form তখনই ব্যবহৃত হয় যখন কোন ব্যক্তি বা বস্তুর adjective এ বর্ণিত গুণ অন্য ব্যক্তি বা বস্তুর গুণের চেয়ে বেশী হয়। পক্ষান্তরে কোন ব্যক্তি বা বস্তুর গুণ যখন অন্যান্য ব্যক্তি বা বস্তুর গুণের তুলনায় সবচেয়ে বেশী হয় তখন superlative form ব্যবহার করা হয়।

অধিকাংশ একক- syllable বিশিষ্ট adjective-এর comparative form তৈরি করতে হলে *er* যোগ করতে হয়। দুই বা দুই এর অধিক syllable-বিশিষ্ট adjective এর আগে *more* এবং পরে *than* যোগ করতে হয়। অধিকাংশ একক syllable-বিশিষ্ট adjective-কে superlative করতে হলে adjective-এর সঙ্গে *the* বসাতে হয় এবং শেষে *est* যোগ করতে হয়। দুই বা দু'এর অধিক syllable বিশিষ্ট adjective-এর আগে *the most* বসাতে হয়।

Examples:

Hamid is tall.	Hamid is taller than Karim.	Hamid is the tallest of all.
Hena is young.	Hena is younger than Monica.	Hena is the youngest of all the girls.
Mina is intelligent	Mina is more intelligent than Meleka.	Mina is the most intelligent of all.
Aslam is ambitious	Aslam is more ambitious than Hasan.	Aslam is the most ambitious of all.

উল্লেখ করা দরকার যে structure 2-এর adjective-complement টি কয়েকটি non-linking verb-এর passive form-এর সঙ্গেও ব্যবহার করা যায়। সেই non-linking verb গুলো হলো : *cut, call, consider* এবং *make*.

Examples:

- a) His life was cut short by an accident.
- b) She was called noble by her friends.
- c) Socrates is considered wise.
- d) Her life was made miserable by abject poverty.

উপরোক্ত verb গুলো যখন active voice-এ ব্যবহৃত হবে তখন ওগুলোর পরে adjective বসানো যাবে না।*

আগেই উল্লেখ করা হয়েছে যে adjective-এর পরে infinitive ও prepositional phrase বসিয়ে adjective-কে modify করা যায়। তবে মনে রাখতে হবে যে যেকোন adjective-এর পরে infinitive ও prepositional phrase বসানো যাবে না। কোন্ adjective-এর পরে infinitive বসবে এবং কোন্টার পরে কোন্ preposition বসবে তা জানা দরকার। নীচে সে সম্বন্ধে একটি তালিকা দেওয়া হলো।

Adjective followed by infinitives:

able	astonished	curious
afraid	bound	delighted
agreeable	careful	determined
amazed	certain	due
amusing	content	eager
angry	crazy	easy
anxious	cruel	excited
apt	prepared	fit
ashamed	prompt	fortunate
grateful	proud	free
happy	qualified	glad

* Voice সম্বন্ধে পরে আলোচনা করা হবে।

hard	quick	stupid
hesitant	ready	sure
inclined	relieved	surprised
interested	right	thankful
keen	rude	thrilled
kind	sad	wicked
likely	safe	wise
lucky	selfish	worthy
mad	sensible	wrong
nice	shocked	welcome
pleasant	silly	sorry
pleased	slow	

Examples:

He is not able to repay his debts.

I am afraid to disturb him

She is not agreeable to accept the job.

Adjectives followed by the preposition *about*:

angry	uneasy	crazy	sensitive
glad	annoyed	curious	sensible
happy	frightened	doubtful	serious
knowledgeable	pleased	furious	silly
mad	worried	suspicious	sincere
reasonable	concerned	hesitant	sorry
careful	excited	honest	stupid
anxious	mistaken	hopeful	sure
certain	clear	positive	selfish

Examples:

He is angry about my behaviour.

I am glad about his success.

Karim is happy about his work.

Adjectives followed by the preposition *At*:

amazed	expert
astonished	good
brilliant	skilful
clever	quick
clumsy	slow
	bad

Examples:

We are amazed at his conduct.

They were astonished at his performance.

He is brilliant at mathematics.

Adjectives followed by the preposition *In*:

accurate	earnest	persistent
correct	fortunate	resolute
defective	fertile	unsuccessful
deficient	honest	weak
efficient	outstanding	proficient

Examples:

She is accurate in her work.

The scheme is correct in every particular.

He is defective in moral sense.

Adjectives followed by the preposition *of*:

afraid	condfident	envious	jealous
aware	conscious	full	negligent
boastful	certain	fond	oblivious
capable	clear	guilty	proud
careful	critical	hard	short
careless	devoid	ignorant	resentful

Examples:

I am afraid of snakes.

We are aware of the situation.

He is boastful of his wealth.

Adjectives followed by the preposition *On/Upon*:

dependent	reliant
intent	severe
hard	obligatory
keen	consequent
	contingent

Examples:

He is dependent on his son's income.

She is intent on her work.

She is very hard on her servant.

Adjectives followed by the preposition *To*:

adequate	blind	disastrous	irrelevant
adjacent	callous	detrimental	liable
affectionate	close	equal	limited
alien	common	essential	loyal
alive	comparable	faithful	necessary
amenable	conducive	familiar	obedient
answerable	contiguous	favourable	offensive
applicable	contrary	hostile	open
appropriate	deaf	indifferent	painful
averse	derogatory	inimical	subject
acceptable	due	impervious	strange
apparent	false	fatal	subordinate

Examples:

The money is adequate to my needs.

The house is adjacent to the mosque.

He is very affectionate to his children.

Adjectives followed by the preposition *With*:

angry	popular
busy	quarrelsome
compatible	replete
consistent	ill
content	synonymous
conversant	uneasy
indignant	unfamiliar
identical	patient
contemporary	radiant

Examples:

He is angry with me,

She is busy with her work.

His words are not compatible with his action.

যেহেতু এই structure-এর function হলো কোন adjective প্রয়োগ করে ব্যক্তি বা জিনিসের গুণ প্রকাশ করা, তাই কিছু adjective-কে classify করে দেখানো হলো:

- (a) Adjectives of colour: white, black, red, blue, orange, etc.

Examples:

Blood is red.

The sky is blue.

Milk is white.

Trees are green.

- (b) Adjectives of shape: square, rectangular, circular, semi-circular

My dining table is rectangular.

My bedroom is square.

This desk is semi-circular.

- (c) Adjectives of size: big, small, medium-sized

This room is big.

My dining room is rather small.

His dining room is medium-sized.

- (d) Adjectives of physical condition: sick, healthy, listless, lazy, depressed
He is sick.
She is healthy.
He feels listless.
- (e) Adjectives of mental condition: happy, unhappy, worried, cheerful, hopeful, optimistic
Kamal is very unhappy.
Mina is cheerful.
Hasan is very optimistic.
Ahmed is worried.
- (f) Adjectives of quality: nice, delicious, beautiful, wonderful
The room is nice and cool.
Roshogollas are delicious.
The vase is beautiful.
You look wonderful.

Exercise

1. Supply linking verbs to complete the following sentences. Do not use the same verb and the same tense twice.
 - a) The cows — dry.
 - b) Medicine — bitter.
 - c) The cake in the oven — brown.
 - d) The old man — tired.
 - e) He — quiet all day.
2. Make up two sentences with each of the linking verbs given in this lesson.
3. Make sentences using the following non-linking verbs in the passive forms so as to fit structure 2: *make, call, consider, cut*.

4. **Fill in the gaps with subjects and infinitives or infinitive phrases in the following:**
- was able — .
 - have been eager — .
 - were reluctant — .
 - is anxious — .
5. **Change the following sentences so as to include a *for*-phrase and an infinitive:**
- The car is too expensive.
 - English is difficult.
 - The bag is too heavy.
 - It was too hot.
6. **Make sentences of your own using the following phrases:**
- too tired to/tired enough to
 - too small to/big enough to
 - too difficult to/interesting enough to
 - too old to/old enough to
 - too hungry to/was not hungry enough to
7. **Use *too* before the adjective or *enough* after the adjective to make the following sentences meaningful.**
- The patient was — restless — to sleep.
 - The boy was — clever — to answer all the questions.
 - I don't feel hungry — to eat my breakfast.
 - The girl is not — old — to go to school.
 - The old man was — weak — to walk.
8. **Write ten sentences in structure 2 modifying the adjective with a prepositional phrase. Use as many prepositions as possible.**
9. **Write five structure 2 sentences using the comparative form of the adjective and five more using the superlative form.**

Lesson 14

Aim: Paragraph-এর মাধ্যমে structure 2-এর উদাহরণ দেখানো

- a) Kamal was late for his class. Professor Huq looked angry with him. For a moment the professor stood speechless. Then his manner grew unpleasant. His voice became strident. Kamal was surprised at his reaction. However, he was ready to apologize. But he was unable to speak. He became dumbfounded.
- b) Mrs Hamid, a woman of delicate health, had been ill with typhoid for two weeks. She became very weak. At times she grew restless. Her condition remained unchanged for another week. Her doctor was rather doubtful about her recovery. Fearing the worst, Mr Hamid, a devoted husband, felt distressed. Their two children, a boy and a girl aged 15 and 12, were tearful. Luckily, Mrs Hamid, responding to treatment by another doctor, felt better. Her temperature became normal. Her family was happy to see her getting well.
- c) Wandering around hills and valleys, Wordsworth, a great English poet, was delighted to see a host of golden flowers called daffodils. The daffodils, stretching along a lake, were comparable to the stars in the Milky Way. Dancing in the breeze, they seemed full of joy. Wordsworth stood spellbound. But the pleasure was not simply momentary. He was able to recollect the pleasure later in a quiet mood.

Vocabulary:

speechless- নীরব reaction- প্রতিক্রিয়া manner - ব্যবহার apologize-
দুঃখ প্রকাশ করা unpleasant- রুঢ় dumbfounded- হতভম্ব হয়ে গেল
strident- কর্কশ delicate health- দুর্বল স্বাস্থ্য restless- অস্থির tearful-
অশ্রু সজল unchanged- অপরিবর্তিত luckily- সৌভাগ্য বশত: doubtful-
সন্দেহ পরায়ন temperature- শরীরের তাপ recovery- সেরে ওঠা normal-
স্বাভাবিক fearing the worst- অত্যন্ত খারাপ কিছু আশঙ্কা করা
comparable- তুলনীয় the Milky Way- ছায়াপথ spellbound- মন্ত্রমুগ্ধ
momentary- সাময়িক recollect- স্মরণ করা।

উপরোক্ত তিনটি paragraph-এর প্রত্যেকটি বাক্য Subject + Linking Verb + Adjective এই structure এ লেখা। তবে কোন কোন বাক্যে বক্তব্যের খাতিরে কোন কোন item সম্প্রসারিত করা হয়েছে। এই সম্প্রসারণ পূর্বে উল্লেখিত নিয়ম অনুযায়ী করা হয়েছে। প্রথমে সম্প্রসারিত Subject গুলো বিবেচনা করা যাক। আগেই বলা হয়েছে যে appositive দিয়ে subject কে modify করা যায়। নিম্নলিখিত বাক্যগুলোতে তাই করা হয়েছে:

Mrs Hamid, *a woman of delicate health*, had been ill

Mr Hamid, *a devoted husband*, felt distressed.

Their children, *a boy and a girl aged 15 and 12*, were tearful.

.... Wordsworth, *a great English poet*, was delighted to see

উপরের italicized শব্দগুলো noun phrase (noun with modifiers). তারা appositive হিসেবে কাজ করছে, অর্থাৎ পূর্ববর্তী noun সম্বন্ধে অতিরিক্ত তথ্য সরবরাহ করছে। লক্ষণীয় যে তাদের আগে ও পরে comma ব্যবহার করা হয়েছে।

কোন কোন Subject এর আগে present participle ব্যবহার করে subject কে modify করা হয়েছে। উদাহরণস্বরূপ নিম্নোক্ত বাক্যগুলো লক্ষ্য করা যাক:

Fearing the worst, Mr Hamid, a devoted husband, felt distressed.

